

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
আইসিটি শাখা

সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	বুলবুল আখতার প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সভার তারিখ	০৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রি.
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

প্রধান প্রকৌশলী জনাব বুলবুল আখতার মহোদয়ের সভাপতিত্বে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল কর্মকর্তা-কর্মচারিকে শুভেচ্ছা জানিয়ে কর্মসূচি অনুযায়ী আলোচনা শুরুর অনুরোধ জানান।

২.০ উপপরিচালক(প্রশাসন) সভায় দাপ্তরিক কাজে ইউনিকোড (NikoshBAN, Nikosh) ফন্ট ব্যবহার, শতভাগ নথি ই-নথির মাধ্যমে নিষ্পত্তিকরণ, শুদ্ধাচার পুরস্কার প্রদান, গণশুনানী, অনলাইন রেসপন্স, ই-মেইল ব্যবহার, প্রশিক্ষণ, নিয়মিত উপস্থিতি, HR সফটওয়্যার তৈরি, নতুন সৃজিত নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে পদায়িত কর্মকর্তাদের ই-জিপি প্রশিক্ষণ, কর্মচারীদের কম্পিউটার প্রশিক্ষণ, Auto CAD প্রশিক্ষণ, কম্পিউটারে এন্টি-ভাইরাস ও অরিজিনাল উইনডোজ সফটওয়্যার ব্যবহার সংক্রান্ত বিষয়াদি উপস্থাপন করেন।

৩.০ সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, উপসহকারী প্রকৌশলী, প্রশাসনিক কর্মকর্তা, কম্পিউটার অপারেটরসহ সকলে মতামত পেশ করেন। সভায় বিস্তারিত আলাপ আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত-১: সকল কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিত করার সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত-২: প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারির ই-নথি সিস্টেমে দাপ্তরিক কাজ সম্পাদন নিশ্চিত করার সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত-৩: প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সার্কেল ও জেলা অফিস ইউনিকোড (NikoshBAN, Nikosh) ফন্টে দাপ্তরিক কাজ বাস্তবায়নের জন্য পত্র প্রদানের সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত-৪: সকল কম্পিউটারে এন্টি-ভাইরাস ব্যবহার ও অরিজিনাল উইনডোজ সফটওয়্যার ব্যবহার করার সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত-৫: ইন্টারনেট এর ব্রান্ডউইথ নিশ্চিত করার জন্য রেস অনলাইন লিঃ, বিটিসিএল ও এটুআই এর কর্মকর্তাসহ একটি সভা করে সমস্যা চিহ্নিত করে সমাধানের সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত-৬: কর্মকর্তা-কর্মচারীদের তথ্য সংরক্ষণ ও রিপোর্টিং এর জন্য (PMIS) সফটওয়্যার তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৭: সভায় কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নতুন সৃজিত নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে e-GP'র সাথে সংযুক্ত কর্মকর্তাদের ই-জিপি পিই প্রশিক্ষণ ও কর্মচারীদের আইসিটি প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বুলবুল আখতার
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)


স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০১৯.৪৩.০০৩.২০.১৮

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৬

১৬ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী.....সার্কেল, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।।
- ২) নির্বাহী প্রকৌশলী.....জেলা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
- ৩) সকল কর্মকর্তা ও কর্মচারি, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর প্রধান কার্যালয়।



বুলবুল আখতার
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)